

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা।

সূত্রঃ নিটার/প্রশাসন/দপ্তর নির্দেশ/২০১৩৪৪(৮)/২০২২/৩৬২
তারিখঃ ১-৮-২০২২ ইং


নিটার বন্ধ ঘোষণা সম্পর্কিত বিজ্ঞপ্তি


নিটারের গভর্নিং বডি অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, কতিপয় শিক্ষক ও শিক্ষার্থী নিটারের শিক্ষার পরিবেশ অস্থিতিশীল করার বিষয়ে লিপ্ত রয়েছে। তাই বর্তমান পরিস্থিতিতে নিটারে অধ্যয়নরত শিক্ষার্থীদের লেখাপড়ার অনুকূল পরিবেশ, শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জানমালের নিরাপত্তা হুমকির মধ্যে রয়েছে। এমতাবস্থায় শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সার্বিক নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে নিটারের গভর্নিং বডি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অদ্য ০১-৮-২০২২ তারিখ হতে অনিদিষ্ট কালের জন্য নিটার বন্ধ ঘোষণা করছে।

একই সাথে নিটারের ছাত্রাবাস ও ছাত্রী নিবাসে অবস্থানরত শিক্ষার্থী, নিটার আবাসিক কোয়ার্টারে বসবাসকারী শিক্ষক, কর্মকর্তা ও ক্যাম্পাসের অভ্যন্তরে বসবাসকারী কর্মচারী (নিরাপত্তা কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত) সকলকে আগামী ০২-৮-২০২২ তারিখ বিকাল ৬:০০ ঘটিকার মধ্যে ক্যাম্পাস ত্যাগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ইতোমধ্যে প্রকাশিত সেমিস্টার ফাইনাল পরীক্ষার সময়সূচি অনুযায়ী পরীক্ষাসমূহ যথানিয়মে অনুষ্ঠিত হবে। তবে চলমান ল্যাব পরীক্ষাসমূহ বন্ধ থাকবে। পরীক্ষার্থীগণ যথাযথ পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে ক্যাম্পাসের বাইরে থেকে এসে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

গভর্নিং বডির আদেশক্রমে-


মোঃ রহুল আমীন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


মোঃ মামুন উর রাশিদ
সহকারী অধ্যাপক ও
এডমিন ইন-চার্জ, নিটার

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ডা. মো. এনামুর রহমান এম.পি. মাননীয় প্রতিমন্ত্রী, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় চেয়ারম্যান, গভর্নিং বডি, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ৩। ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (ই-মেইলে প্রেরণ)।
- ৪। ডিন, বিজনেস স্ট্যাডিজ অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (ই-মেইলে প্রেরণ)।
- ৫। সকল সম্মানীত সদস্য, গভর্নিং বডি, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ৬। কলেজ পরিদর্শক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। সকল বিভাগীয় প্রধান, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ৮। জেলা প্রশাসক, ঢাকা।
- ৯। পুলিশ সুপার, ঢাকা জেলা।
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা।
- ১১। অতিরিক্ত পুলিশ সুপার, সাভার সার্কেল, সাভার, ঢাকা।
- ১২। অধিনায়ক, র‍্যাব-৪, পাইকপাড়া মিরপুর, ঢাকা-১২১৬।
- ১৩। কম্পানী কমান্ডার, সিপিসি-২, নবীনগর, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাভার মডেল থানা, সাভার, ঢাকা।
- ১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুলিয়া থানা, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ১৬। চেয়ারম্যান, পাখালিয়া ইউনিয়ন পরিষদ, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ১৭। সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ১৮। সকল কোর্স কো-অর্ডিনেটর, নিটার (ছাত্র-ছাত্রীদেরকে বিজ্ঞপ্তি ই-ইমেলে প্রেরণের জন্য)।
- ১৯। সকল শিক্ষার্থী, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ২০। কেয়ারটেকার এন্ড সিকিউরিটি ইন্সপেক্টর, নিটার।
- ২১। আইটি অফিসার, নিটার (ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে আপলোডের জন্য)।
- ২২। সংশ্লিষ্ট নথি।